



নং-৩৮.০১.০০০০.০২০.০১.০৫২.২১-৯১৪

তারিখ : ০৩ ফাল্গুন ১৪২৭ বা.
১৬ ফেব্রুয়ারি ২০২১ খ্রি.


বিষয় : শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২১ উদযাপন উপলক্ষে মন্ত্রণালয় সভার সিদ্ধান্ত বাস্তবায়ন প্রসঙ্গে।
সূত্র : প্রাগম এর ১৪-০২-২০২১ তারিখের সভার কার্যবিবরণী।

উপর্যুক্ত বিষয়ে সূত্রে বর্ণিত প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের পত্রের নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২১ উদযাপন উপলক্ষে সরকার গৃহীত জাতীয় কর্মসূচি অনুযায়ী প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় এবং এর আওতাধীন সংস্থা হিসেবে শিশু কল্যাণ ট্রাস্টের জন্য প্রতিপালনীয় কর্মসূচি নিম্নরূপ :

ক্র নং	প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সিদ্ধান্ত অনুযায়ী অনুসরণীয় কার্যক্রম	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
২.১	একুশে ফেব্রুয়ারি সকল প্রাথমিক বিদ্যালয়ে ও দপ্তরে সঠিক নিয়মে, সঠিক রং ও মাপের জাতীয় পতাকা অর্ধনমিত রাখা হবে। সূর্যোদয়ের সময় পতাকা উত্তোলন এবং সূর্যাস্তের সময় পতাকা নামাতে হবে। পতাকা অর্ধনমিত করার ক্ষেত্রে সঠিক নিয়ম অনুসরণ করতে হবে।	প্রধান শিক্ষক (সকল), শিশু কল্যাণ প্রাথমিক বিদ্যালয়।
২.২	যথাযোগ্য মর্যাদায় দিবসটি উদযাপনের লক্ষ্যে বর্তমান কোভিড-১৯ পরিস্থিতি বিবেচনায় যথাযথ স্বাস্থ্যবিধি অনুসরণ করে জাতীয় কর্মসূচির সাথে সংগতি রেখে দেশের সকল প্রাথমিক বিদ্যালয়ে স্ব-স্ব কর্মসূচি প্রণয়নপূর্বক দিবসটি উদযাপনের ব্যবস্থা গ্রহণ করবে।	
২.৪	(খ) সংশ্লিষ্ট ডিপিইও জেলা তথ্য অফিস হতে প্রাথমিক বিদ্যালয়ের সংখ্যা অনুযায়ী পোস্টার গ্রহণ, বিতরণ ও সাঁটানো নিশ্চিত করবেন।	
২.৫	প্রাথমিক বিদ্যালয়ে শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে শিশুদের নিয়ে চিত্রাংকন প্রতিযোগিতা, ছড়া পাঠ, কবিতা পাঠ ও সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করতে হবে। অনুষ্ঠানসমূহে স্থানীয় প্রশাসনের কর্মকর্তাদের আমন্ত্রণ জানাতে হবে।	
২.৬	জেলা ও উপজেলায় স্থানীয় প্রশাসন কর্তৃক গৃহীতব্য সকল কর্মসূচিতে অংশগ্রহণ করতে হবে।	

উপরিউক্ত কর্মসূচি অনুসরণে সংশ্লিষ্ট জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারগণের সাথে যোগাযোগক্রমে তাঁর বিদ্যালয়ের শিক্ষক-কর্মচারী, ছাত্র-ছাত্রী এবং বিদ্যালয় পরিচালনা কমিটি ও স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গের অংশগ্রহণে যথাসময়ে ও যথাযোগ্য মর্যাদায় বর্ণিত দিবসটি উদযাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্ত : সভার কার্যবিবরণী।


সোহেল আহমেদ
পরিচালক (অতি: দায়িত্ব)

শিশু কল্যাণ ট্রাস্ট

ও

অতিরিক্ত মহাপরিচালক (অতি: সচিব)
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর

প্রধান শিক্ষক (সকল)

শিশু কল্যাণ প্রাথমিক বিদ্যালয়-.....

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য :

- ১। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা।
- ২। জেলা প্রশাসক (সকল),
- ৩। সচিবের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার (সংশ্লিষ্ট),
- ৫। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল),
- ৬। উপজেলা শিক্ষা অফিসার (সংশ্লিষ্ট),

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
প্রশাসন- ২ অধিশাখা
www.mopme.gov.bd

পরিচালক এর দপ্তর
ডায়েরি নং..... তারিখ.....
উপ পরিচালক
সহঃ পরিচালক (প্রশা/অর্থ)
সহঃ পরিচালক (শিক্ষা)
হিসাব রক্ষণ কর্মকর্তা
উপ সহঃ প্রকৌশলী
পরিচালক

বিষয়: শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২১ উদযাপন উপলক্ষ্যে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সচিব গোলাম মোঃ হাসিবুল আলমের সভাপতিত্বে শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২১ উদযাপন উপলক্ষ্যে ১৪ ফেব্রুয়ারি ২০২১ তারিখে জাতীয় কর্মসূচির সাথে সঙ্গতি রেখে এ মন্ত্রণালয়ের কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়নের অগ্রগতি বিষয়ে এক সভা অনুষ্ঠিত হয়।

০২। উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভার শুরুতে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের বিশেষ অবদান এবং ভাষা শহিদদের আত্মত্যাগ শ্রদ্ধাভরে স্মরণ করা হয়। সভাপতি জানান যে, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রীর সভাপতিত্বে শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২১ উদযাপন উপলক্ষ্যে কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়নের লক্ষ্যে আন্তঃমন্ত্রণালয় সভায় গৃহীত সিদ্ধান্তের সাথে সংগতি রেখে এ মন্ত্রণালয় এবং এর আওতাধীন দপ্তরসমূহে ২১ ফেব্রুয়ারি ২০২১ তারিখে দিবসটি উদযাপন উপলক্ষ্যে কর্মসূচি গ্রহণ করা প্রয়োজন। এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ কর্মসূচি ও সিদ্ধান্ত গ্রহণ করা হয়:

ক্রমিক নং	জাতীয় কর্মসূচি	প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
২.১	একুশে ফেব্রুয়ারি দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানসহ সরকারি, আধাসরকারি, স্বায়ত্তশাসিত ও বেসরকারি ভবনসমূহে সঠিক নিয়মে, সঠিক রং ও মাপের জাতীয় পতাকা অর্ধনমিত রাখা হবে। সূর্যোদয়ের সময় পতাকা উত্তোলন এবং সূর্যাস্তের সময় পতাকা নামাতে হবে। পতাকা অর্ধনমিত করার ক্ষেত্রে সঠিক নিয়ম (বাংলাদেশ ফ্লাগ রুলস অনুযায়ী) অনুসরণ করতে হবে। পতাকার সঠিক মাপ ও উত্তোলনের নিয়ম সম্পর্কে সকলকে সচেতন করার লক্ষ্যে বাংলাদেশ টেলিভিশন, বাংলাদেশ বেতার, সকল বেসরকারি টেলিভিশন/ বেতার এবং সকল প্রিন্ট মিডিয়ায় প্রচারের ব্যবস্থা নেয়া হবে।	একুশে ফেব্রুয়ারি সকল প্রাথমিক বিদ্যালয়ে ও দপ্তরে সঠিক নিয়মে, সঠিক রং ও মাপের জাতীয় পতাকা অর্ধনমিত রাখা হবে। সূর্যোদয়ের সময় পতাকা উত্তোলন এবং সূর্যাস্তের সময় পতাকা নামাতে হবে। পতাকা অর্ধনমিত করার ক্ষেত্রে সঠিক নিয়ম অনুসরণ করতে হবে।	মহাপরিচালক (সকল); অতিরিক্ত সচিব (প্রশাসন); পরিচালক, শিশু কল্যাণ ট্রাস্ট এবং প্রকল্প পরিচালক, মৌলিক সাক্ষরতা প্রকল্প।
২.২	যথাযোগ্য মর্যাদায় দিবসটি পালনের লক্ষ্যে জাতীয় কর্মসূচির সাথে সংগতি রেখে বর্তমান কোভিড-১৯ পরিস্থিতি বিবেচনায় যথাযথ স্বাস্থ্যবিধি অনুসরণ করে দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠান স্ব-স্ব কর্মসূচি প্রণয়নপূর্বক দিবসটি উদযাপনের ব্যবস্থা গ্রহণ করবে। বেসরকারি বিশ্ববিদ্যালয়, ইংলিশ মিডিয়াম স্কুল ও মাদ্রাসাসমূহও যাতে যথাযোগ্য মর্যাদায় দিবসটি উদযাপন করে সে বিষয়ে বিশেষভাবে তত্ত্বাবধান করতে হবে। এ বিষয়ে মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা বিভাগ, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় এবং বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন এবং প্রতিরক্ষা মন্ত্রণালয় দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবে।	যথাযোগ্য মর্যাদায় দিবসটি উদযাপনের লক্ষ্যে বর্তমান কোভিড-১৯ পরিস্থিতি বিবেচনায় যথাযথ স্বাস্থ্যবিধি অনুসরণ করে জাতীয় কর্মসূচির সাথে সংগতি রেখে দেশের সকল প্রাথমিক বিদ্যালয়ে স্ব-স্ব কর্মসূচি প্রণয়নপূর্বক দিবসটি উদযাপনের ব্যবস্থা গ্রহণ করবে।	মহাপরিচালক (সকল); অতিরিক্ত সচিব (বিদ্যালয়) ও অতিরিক্ত সচিব (প্রশাসন); পরিচালক, শিশু কল্যাণ ট্রাস্ট এবং প্রকল্প পরিচালক, মৌলিক সাক্ষরতা প্রকল্প।

ক্রমিক নং	জাতীয় কর্মসূচি	প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
২.৩	আজিমপুর কবরস্থানে ফাতেহা পাঠ ও কোরআনখানির আয়োজন এবং ভাষা শহীদদের রুহের মাগফেরাতের জন্য দেশের সকল মসজিদ, মন্দির, গীর্জা ও অন্যান্য উপসনালয়ে প্রার্থনার আয়োজন করতে হবে। প্রার্থনার সময় ভাষা শহীদদের সঠিক নাম ব্যবহার করতে হবে।	ভাষা শহীদদের রুহের মাগফেরাতের জন্য মসজিদ, মন্দির, গীর্জা ও অন্যান্য উপসনালয়ে দোয়া/প্রার্থনার আয়োজন করতে হবে। দোয়া/প্রার্থনার সময় ভাষা শহীদদের সঠিক নাম ব্যবহার করতে হবে।	মহাপরিচালক, ডিপিই, বিএনএফই, নেপা।
২.৪	গণযোগাযোগ অধিদপ্তর ঢাকা মহানগরীতে ট্রাকের মাধ্যমে রাজপথে ভ্রাম্যমাণ সজীতানুষ্ঠান এবং নৌযানের সাহায্যে ঢাকা শহর সংলগ্ন নৌপথে সজীতানুষ্ঠানের আয়োজনসহ জেলা-উপজেলায় ভ্রাম্যমাণ চলচ্চিত্র প্রদর্শনীর ব্যবস্থা গ্রহণ করবে। এসকল অনুষ্ঠান শহিদ দিবসের সাথে সঙ্গতিপূর্ণ এবং ভাবগাম্ভীর্যপূর্ণ হতে হবে। ডিএফপি শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষ্যে তিন ধরনের পোস্টার মুদ্রণ করবে। যার মধ্যে প্রথমটি হবে সার্বজনীন, দ্বিতীয়টি স্কুল-কলেজের শিশু-কিশোরদের জন্য এবং তৃতীয়টি বিদেশে অবস্থিত বাংলাদেশ মিশনসমূহ ও বাংলাদেশে অবস্থিত বৈদেশিক দূতাবাসসমূহে প্রচারের জন্য। শিশু-কিশোরদের জন্য মুদ্রিত পোস্টারে মাতৃভাষার সঠিক ব্যবহার সম্পর্কে শিশু-কিশোরদের সচেতন করতে হবে। বিদেশে প্রচারের জন্য মুদ্রিত পোস্টারে “একুশে ফেব্রুয়ারি আন্তর্জাতিক মাতৃভাষা দিবস” বাংলাসহ জাতিসংঘের স্বীকৃত ৬টি ভাষায় লেখার বিষয়টি বিবেচনা করা যেতে পারে। গণযোগাযোগ অধিদপ্তর এসকল পোস্টার সংশ্লিষ্ট সকলের মাঝে বিতরণের ব্যবস্থা গ্রহণ করবে। একুশে ফেব্রুয়ারির অন্তত: ২০ দিন পূর্বে বিদেশে অবস্থিত বাংলাদেশ মিশনসমূহে এবং বিভাগ ও জেলা পর্যায়ে পোস্টার পৌঁছাতে হবে। জেলা প্রশাসকগণ কর্তৃক উক্ত পোস্টার দূত উপজেলায় বিতরণের ব্যবস্থা গ্রহণ করবে। বিদেশে অবস্থিত বাংলাদেশ মিশনসমূহে মুদ্রিত পোস্টার প্রেরণের বিষয়টি নিশ্চিত করতে হবে।	(ক) গণযোগাযোগ অধিদপ্তর থেকে পোস্টার সংগ্রহ ও প্রাথমিক বিদ্যালয়ে পোস্টার বিতরণ করতে হবে। (খ) সংশ্লিষ্ট ডিপিইও জেলা তথ্য অফিস হতে প্রাথমিক বিদ্যালয়ের সংখ্যা অনুযায়ী পোস্টার গ্রহণ, বিতরণ ও সাটানো নিশ্চিত করবেন।	(ক) মহাপরিচালক, ডিপিই, বিএনএফই; পরিচালক, শিশু কল্যাণ ট্রাস্ট এবং যুগ্মসচিব (প্রশাসন)। (খ) মহাপরিচালক, ডিপিই এবং যুগ্মসচিব (প্রশাসন)।
২.৫	শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষ্যে শিশুদের নিয়ে চিত্রাংকন প্রতিযোগিতা, ছড়া পাঠ, কবিতা পাঠ ও সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন।	প্রাথমিক বিদ্যালয়ে শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষ্যে শিশুদের নিয়ে চিত্রাংকন প্রতিযোগিতা, ছড়া পাঠ, কবিতা পাঠ ও সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করতে হবে। অনুষ্ঠানসমূহে স্থানীয় প্রশাসনের কর্মকর্তাদের আমন্ত্রণ জানাতে হবে।	মহাপরিচালক, ডিপিই, বিএনএফই; অতিরিক্ত সচিব (বিদ্যালয়) ও অতিরিক্ত সচিব (প্রশাসন); পরিচালক, শিশু কল্যাণ ট্রাস্ট এবং প্রকল্প পরিচালক, মৌলিক সাক্ষরতা প্রকল্প।

ক্রমিক নং	জাতীয় কর্মসূচি	প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
২.৬	সকল জেলা ও উপজেলা সদরে জেলা / উপজেলা প্রশাসন বর্তমান কোভিড-১৯ পরিস্থিতি বিবেচনায় যথাযথ স্বাস্থ্য বিধি অনুসারণ করে যথাযোগ্য মর্যাদায় দিবসটি পালনের লক্ষ্যে জাতীয় কর্মসূচির সাথে সংগতি রেখে স্ব স্ব কর্মসূচি প্রণয়নপূর্বক দিবসটি উদযাপনের ব্যবস্থা গ্রহণ করবে। যে সকল উপজেলায় ক্ষুদ্র নৃগোষ্ঠী রয়েছে সে সকল উপজেলা প্রশাসন ক্ষুদ্র নৃগোষ্ঠী জনগণের জন্য একুশে ফেব্রুয়ারি শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপন উপলক্ষ্যে অনুষ্ঠান আয়োজনের ব্যবস্থা গ্রহণ করবে।	জেলা ও উপজেলায় স্থানীয় প্রশাসন কর্তৃক গৃহীতব্য সকল কর্মসূচিতে অংশগ্রহণ করতে হবে।	মহাপরিচালক (সকল); অতিরিক্ত সচিব (বিদ্যালয়) ও অতিরিক্ত সচিব (প্রশাসন); পরিচালক, শিশু কল্যাণ ট্রাস্ট এবং প্রকল্প পরিচালক, মৌলিক সাক্ষরতা প্রকল্প।

- ০৩। সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রীর সভাপতিত্বে শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২১ উদযাপন উপলক্ষ্যে কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়নের লক্ষ্যে ১৮.০১.২০২১ তারিখের আন্তঃমন্ত্রণালয় সভার কার্যবিবরণী সংশ্লিষ্ট সকলের নিকট কার্যার্থে এতদসঙ্গে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।
- ০৪। সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-

১৪/০২/২০২১

গোলাম মোঃ হাসিবুল আলম

সচিব

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়


০১ ফাল্গুন ১৪২৭

তারিখঃ ১৪ ফেব্রুয়ারি ২০২১

নম্বর-৩৮.০০২.০২৩.০০.০০.০০১.২০০৬(অংশ-১)- ১৭৫

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মহাপরিচালক (গ্রেড-১), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, সেকশন- ২, মিরপুর, ঢাকা- ১২১৬।
৩. অতিরিক্ত সচিব (সকল), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. মহাপরিচালক, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, তেজগাঁও, ঢাকা।
৫. মহাপরিচালক, বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট, শিক্ষাভবন, ঢাকা।
৬. মহাপরিচালক, জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমী (নেপ), ময়মনসিংহ।
৭. পরিচালক, শিশু কল্যাণ ট্রাস্ট, সেকশন-২, মিরপুর, ঢাকা- ১২১৬।
৮. যুগ্মসচিব (সকল), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯. প্রকল্প পরিচালক, রক্ষ প্রকল্প, সেকশন- ২, মিরপুর, ঢাকা- ১২১৬।
১০. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১. উপসচিব (সকল), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২. প্রকল্প পরিচালক, মৌলিক সাক্ষরতা প্রকল্প, তেজগাঁও, ঢাকা।
১৩. সচিবের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪. বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, ঢাকা বিভাগ, ঢাকা।
১৫. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, ঢাকা।
১৬. অফিস কপি।


ড. মোঃ মাহবুবুর রশীদ
উপসচিব

ফোনঃ ৯৫১৪০৯১

ই-মেইল: dsad2@mopme.gov.bd